

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৩৮

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ১১) ঝগড়া-বিবাদ, একে অপরের উপর দলীল পেশ করা, পরাজিত করা, বিজয়ী হওয়া প্রভৃতি কাজ থেকে ভীতি প্রদর্শন এবং হকদার হওয়া বা না হওয়া উভয় ক্ষেত্রে ঝগড়া পরিত্যাগ করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترهيب من المراء والجدال والمخاصمة والمحاججة والقهر والغلبة والترغيب في تركه للمحق والمبطل

আরবী

(حسن لغيره) عن أَبِيْ أُمامَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ تَرَكَ الْمِرَاءَ وَهُوَ مُبْطِلٌ بُنِيَ لَهُ بِيتٌ فِي رَبَضِ الْجَنَّةِ ومَنْ تَرَكَهُ وَهُوَ مُحِقُّ بُنِيَ لَهُ فِي وَسَطِهَا وَمَنْ حَسَّنَ خُلُقَهُ بُنِيَ لَهُ فِي أَعْلَاهَا. رواه أبو داود والترمذي واللفظ له وابن ماجه والبيهقي وقال الترمذي حديث حسن

বাংলা

১৩৮. (হাসান লি গাইরিহী) আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

"যে ব্যক্তি বাতিল বিষয় নিয়ে ঝগড়া পরিত্যাগ করবে, তার জন্যে জান্নাতের আশে-পাশে একটি ঘর নির্মাণ করা হবে। সত্য বিষয় হওয়া সত্ত্বেও যে ব্যক্তি ঝগড়া পরিহার করবে তার জন্যে জান্নাতের মধ্যভাগে ঘর তৈরী করা হবে। আর যে ব্যক্তি নিজের চরিত্রকে সুন্দর করবে তার জন্যে জান্নাতে উঁচু স্থানে ঘর তৈরী করা হবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ৪৮০০, তিরমিয়ী ১৯৯৩ ও ইবনে মাজাহ্ ৫১ ও বায়হাক্বী ৮০১৭) তিরমিয়ী বলেন, হাদীছটি হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ বাহিলী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন